

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, বিনাইদহ।
<http://publiclibrary.jhenaidah.gov.bd>

স্মারক নং-৪৩.২৬.৪৪০০.০০১.২৩.০০১.১৯. ৪৯ (২০০)

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে রচনা, বইপাঠ প্রতিযোগিতা ও পুস্তক প্রদর্শনী।

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, বিনাইদহে নিম্নোক্ত বিষয়ে রচনা, বইপাঠ ও ০২ (দুই) দিনব্যাপী পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্রমিক	গ্রুপ	প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা	তারিখ ও সময়
১	উন্মুক্ত	দ্রোহ ও প্রেমের কবি নজরুল	১২০০	স্বহস্তে লিখিত রচনা জেলা সরকারি গণগ্রন্থাগার, বিনাইদহ অফিসে ডাকযোগে/সরাসরি জমা দেওয়া যাবে। রচনা জমা দেয়ার শেষ সময় ২২/০৫/২০২৩ খ্রি. বিকাল ৪:০০ টা পর্যন্ত।


খ) বইপাঠ প্রতিযোগিতা:

ক্রমিক	গ্রুপ	শ্রেণি	প্রতিযোগিতার পুস্তক	তারিখ ও সময়
১	ক	অষ্টম-দ্বাদশ	গণগ্রন্থাগারে সংরক্ষিত নজরুল বিষয়ক পুস্তকসমূহ	বইপাঠ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য জেলা সরকারি গণগ্রন্থাগার, বিনাইদহের পাঠকক্ষে স্বশরীরে উপস্থিত হয়ে গ্রন্থাগারে রক্ষিত বই পড়তে হবে এবং গণগ্রন্থাগার থেকে সরবরাহকৃত ফরমে বইয়ের সারসংক্ষেপ উপস্থাপন করতে হবে। প্রতিযোগিতার সময় ২২/০৫/২০২৩ খ্রিস্টাব্দ সকাল ১০:০০ ঘটিকা। বিনামূল্যে বইপাঠ প্রতিযোগিতার ফরম সংগ্রহ করা যাবে।
২	খ	স্নাতক-স্নাতকোত্তর		

গ) জাতীয় কবি কাজী নজরুল ইসলামের পুস্তক প্রদর্শনী: জেলা সরকারি গণগ্রন্থাগার, বিনাইদহ কার্যালয় চত্বরে ০২ (দুই) দিনব্যাপী নজরুল বিষয়ক পুস্তক প্রদর্শনী আগামী ২৩.০৫.২০২৩ তারিখ ও ২৪.০৫.২০২৩ তারিখ (প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত) অনুষ্ঠিত হবে।

শর্তাবলী

- ১। রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে। রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক;
- ২। রচনা প্রতিযোগিতায় অবশ্যই প্রতিযোগীর পূর্ণনাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম/ঠিকানা, শ্রেণি, স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন/স্টুডেন্ট আইডি কার্ডের কপি (সর্বসাধারণের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) সহ মোবাইল নম্বর উল্লেখ করতে হবে;
- ৩। বইপাঠ প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের স্টুডেন্ট আইডি কার্ডের কপি আনতে হবে;
- ৪। www.facebook.com/gpljhenaidah ও publiclibrary.jhenaidah.gov.bd সকল তথ্য এই ঠিকানায় পাওয়া যাবে।


(মোঃ মনজুর আলম)

লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার, বিনাইদহ।
ফোন: ০২৭৭৭৪৬০৪০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। জেলা প্রশাসক, বিনাইদহ;
- ২। জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বিনাইদহ (জেলার বিভিন্ন মাধ্যমিক/প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অবহিত করার জন্য অনুরোধসহ);
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর/কালীগঞ্জ/মহেশপুর/শৈলকুপা/হরিনাকুন্ডু/কোটচাঁদপুর, বিনাইদহ (উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অবহিত করার জন্য অনুরোধসহ);
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর/কালীগঞ্জ/মহেশপুর/শৈলকুপা/হরিনাকুন্ডু/কোটচাঁদপুর, বিনাইদহ (উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পত্র মারফত অবহিত করার জন্য অনুরোধসহ);
- ৫। প্রিন্সিপাল, (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ);
- ৬। প্রধান শিক্ষক, (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ);
- ৭। প্রাপক, (নোটিশ বোর্ড ও ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের জন্য অনুরোধসহ);
- ৮। অফিস কপি/নোটিশ বোর্ড।